চাটমোহরে ট্রেনে কাটা পড়ে বৃদ্ধের মৃত্যু

চাটমোহর রেলওয়ে স্টেশন

চাটমোহর স্টাফ রিপোর্টার: পাবনার চাটমোহর রেলওয়ে স্টেশনে সিরাজগঞ্জ এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে আফছার আলী (৭০) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার (২৮ এপ্রিল) এ দুর্ঘটনা ঘটে।

নিহত আফছার আলীর বাড়ি সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার নওকৈড় গ্রামে। তিনি রেলওয়ের অবসরপ্রাপ্ত নিরাপত্তা কর্মী।

চাটমোহর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুব্রত সরকার ঘটনার সত্যতা স্বীকার করে নিউজ পাবনাকে জানান, সকালে সিরাজগঞ্জ এক্সপ্রেস ট্রেনে করে ঈশ্বরদী থেকে সিরাজগঞ্জ যাচ্ছিলেন আফছার। পথে চাটমোহর স্টেশনে ট্রেন যাত্রা বিরতি দিলে তিনি পান খাওয়ার জন্যে ট্রেন থেকে নিচে নামেন। কিছুক্ষণ পর ট্রেন ছেড়ে দিলে দৌড়ে চলন্ত ট্রেনে উঠতে গিয়ে অসাবধানতা বশতঃ পা পিছলে ট্রেনের নিচে পড়ে যান। এসময় ট্রেনে কাটা পড়ে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

সিরাজগঞ্জ জিআরপি থানার উপ-পরির্শক (এসআই) জাহিদ হোসেন জানান, খবর পেয়ে রেলওয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করেছে।